

বেসরকারি অনার্স ও মাস্টার্স শিক্ষকদের এমপিওভুক্তির দাবি

■ সমসংবাদ প্রতিবেদক
জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত
বেসরকারি কলেজ শিক্ষকদের
এমপিওভুক্তির দাবি জানিয়েছে
বেসরকারি অনার্স-মাস্টার্স শিক্ষক
পরিষদ। সে সঙ্গে প্রধানমন্ত্রীর
নির্দেশনা অনুযায়ী কলেজগুলোতে
নতুন পদ সৃষ্টিরও দাবি জানায়
সংগঠনটি। গতকাল মঙ্গলবার ঢাকা
রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত
সংবাদ সম্মেলনে এ দাবি জানানো
হয়।

সংগঠনের সভাপতি কাজী
ফারুকের সভাপতিত্বে সংবাদ
সম্মেলনে উপস্থিত ছিলেন
সংগঠনের সাধারণ সম্পাদক কাজী
কামরুজ্জামান, আনিসুর রহমান,
আলাউদ্দিন আহমেদ, নাহিদ
আনসারি প্রমুখ।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন,
একই প্রতিষ্ঠানে চাকরিরত জনবল
কাঠামো অনুযায়ী উচ্চ মাধ্যমিকে
একজন এবং ডিগ্রি পর্যায়ে একজন
শিক্ষক এমপিওভুক্ত হন। অথচ
একই প্রতিষ্ঠানে অনার্স-মাস্টার্স
কোর্সে শিক্ষকরা এমপিওভুক্ত হন

না। তাদের বেতন-ভাতাও দেওয়া
হয় খুবই অল্প। প্রতিষ্ঠানের পক্ষ
থেকে দুই ও তিন-হাজার টাকা
বেতন দেওয়া হয়, যা দিয়ে সংসার
চালানো সম্ভব নয়। শিক্ষকরা
এমপিওভুক্ত না হলে প্রায় ৭০
শতাংশ শিক্ষক পরিবার চালাতে
সক্ষম হবেন না।